

নাচ

যেন আমি স্থির বসে আছে তুমি নৃত্যের বলয়ে  
রতিপ্রদক্ষিণ করে নেচে যাও, কেঁপে ওঠে অণুপরমাণু  
বাণিজ্যবাতাস নাচে পশ্চিমী হাওয়ার স্রোত বয়ে চলে যায়  
আমাকে ঘিরেই চলে তোমার শরীরী সঞ্জষণ  
অঙ্গুলিমুদ্রার স্রোত বর্ণা হয়ে বারে চতুর্দিকে।

তোমার তরল নৃত্য হাওয়া - উড্ডীনতা পার হয়ে  
আরো এক গূঢ় জেট - স্তিম ছোঁয়া গর্জমান মেঘ  
অন্য এক অয়ন বলয়ে ছোঁয়া বিদ্যুতের সঘন চমক,  
কখনও প্রচণ্ড হিম তোমার চরণস্পর্শে গলে গলে যায়  
কখনও বা প্রবল তাপের মাত্রা ছুঁয়ে নামে তোমার অঞ্জলি  
আমি শুধু অনড় নিশ্চল যোগে গাঢ় ধ্যানাসনে  
ব্যথা বেদনায় কাঁপি পুলকে পুলকে কেঁদে উঠি।

আনন্দ ঘোষ হাজরা

